

স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র

★ ভারতের ছাত্র ফেডারেশন ★

রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট
কলকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩A, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলকাতা - ৭০০০১৪

তারিখ - ০২/০৯/২০২৫

বিষয়: ছাত্রছাত্রীদের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ

আমরা, এসএফআই রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট, আমাদের ছাত্র ছাত্রীদের সার্বিক স্বার্থে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা ও গবেষণার পাশাপাশি সুস্থ, পরিচ্ছন্ন ও সক্রিয় ক্যাম্পাস পরিবেশ ছাত্রজীবনের একটি অপরিহার্য অংশ। দুর্ভাগ্যবশত, বর্তমানে কয়েকটি গুরুত্বপূর্ণ সমস্যার কারণে সেই পরিবেশ ব্যাহত হচ্ছে। সেগুলির দ্রুত সমাধানের লক্ষ্যে আমরা নিম্নলিখিত বিষয়গুলো আপনার কাছে উপস্থাপন করছি—

- ১) ছাত্রছাত্রীদের সাধারণ কক্ষে পরিষ্কার-পরিচ্ছন্নতার অভাব এবং দীর্ঘদিন ধরে জিম বন্ধ থাকায় শিক্ষার ও শারীরিক সুস্থতার পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই অবিলম্বে কক্ষ পরিষ্কার ও জিম মেরামত করে চালু করার দাবি জানাচ্ছি।
- ২) সাম্প্রতিক সময়ে কলেজ ক্যাম্পাসে বহিরাগত লুস্পেন ও সমাজবিরোধীদের অবাধ প্রবেশ ঘটছে, যা শিক্ষার পরিবেশ নষ্ট করছে এবং ছাত্রছাত্রীদের নিরাপত্তা বিঘ্নিত করছে। আমরা দাবি করছি অবিলম্বে বহিরাগত প্রবেশ নিষিদ্ধ করা হোক এবং প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হোক।
- ৩) একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমকে আধুনিক করতে প্রত্যেক ছাত্রছাত্রীকে অফিসিয়াল কলেজ ইমেইল আইডি প্রদান জরুরি। এর মাধ্যমে যোগাযোগ ও তথ্য প্রেরণ সহজ হবে এবং শিক্ষার্থীদের একাডেমিক ও পেশাগত প্রোফাইল সমৃদ্ধ হবে।

উপরোক্ত সমস্যাগুলির দ্রুত সমাধান ও পদক্ষেপ গ্রহণের জন্য আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে ব্যবস্থা না নিলে আমরা ছাত্রছাত্রীদের নিয়ে আন্দোলনের পথে নামতে বাধ্য হব।

প্রীতম সাঁতরা

প্রীতম সাঁতরা
সভাপতি

যীশু চক্রবর্তী

যীশু চক্রবর্তী
সম্পাদক

